



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

### বিজ্ঞপ্তি

২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচি (সংশোধিত)

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য-২০২০/৫০০০/৪(ক)/২৬৪

তারিখ:

০৬ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ

২০ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

বিষয় ও সময় সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় ও সময় বিকাল ২টা হতে বিকাল ৫টা পর্যন্ত	বিষয় কোড
১। বাংলা (আবশ্যিক) - ১ম পত্র	১০১	০৩-০২-২০২০ সোমবার	X	X
১। বাংলা (আবশ্যিক) - ২য় পত্র	১০২	০৪-০২-২০২০ মঙ্গলবার	X	X
১। ইংরেজি (আবশ্যিক) - ১ম পত্র	১০৭	০৬-০২-২০২০ বৃহস্পতিবার	X	X
১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র	১০৮	০৯-০২-২০২০ রবিবার	X	X
১। গণিত (আবশ্যিক)	১০৯	১১-০২-২০২০ মঙ্গলবার	X	X
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	১২-০২-২০২০ বুধবার	X	X
১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়) ২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)	১৫১ ১৩৪	১৩-০২-২০২০ বৃহস্পতিবার	১। শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১৪৭
১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	১৫-০২-২০২০ শনিবার	X	X
১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়) ২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা ৩। ফিন্যান্স ও ব্যাংকিং	১৩৬ ১৫৩ ১৫২	১৭-০২-২০২০ সোমবার	X	X
১। ভূগোল ও পরিবেশ	১১০	১৮-০২-২০২০ মঙ্গলবার	১। ক্যারিয়ার শিক্ষা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য)	১৫৬
১। রসায়ন (তত্ত্বীয়) ২। পৌরনীতি ও নাগরিকতা ৩। ব্যবসায় উদ্যোগ	১৩৭ ১৪০ ১৪৩	২০-০২-২০২০ বৃহস্পতিবার	X	X
১। হিসাব বিজ্ঞান	১৪৬	২২-০২-২০২০ শনিবার	X	X
১। বিজ্ঞান ২। উচ্চতর গণিত (তত্ত্বীয়)	১২৭ ১২৬	২৩-০২-২০২০ রবিবার	X	X
১। জীব বিজ্ঞান (তত্ত্বীয়) ২। অর্থনীতি	১৩৮ ১৪১	২৫-০২-২০২০ মঙ্গলবার	X	X
১। বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	১৫০	২৭-০২-২০২০ বৃহস্পতিবার	X	X

### ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

বিষয়	তারিখ	সময়	স্থান	মন্তব্য
সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা	২৯-০২-২০২০ শনিবার হতে ০৫-০৩-২০২০ বৃহস্পতিবার পর্যন্ত (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করতে হবে)। আসন্ন ২০২০ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার কাজের জরুরী প্রয়োজনে ব্যবহারিক পরীক্ষা শেষ হওয়ার ০৩(তিন) দিনের মধ্যে অবশ্যই প্রশ্নপত্রের ট্রাংকসমূহ শিক্ষা বোর্ডের স্টোর শাখায় জমা দিতে হবে। ১২/০৩/২০২০ তারিখ বৃহস্পতিবার-এর মধ্যে হাতে হাতে ব্যবহারিক নম্বরফর্দের কপি (হাতে প্রস্তুতকৃত) এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি (বাঁধাই করে) ও অন্যান্য কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে।	প্রতিদিন সকাল ১০টা হতে পরীক্ষা শুরু হবে।	মূল কেন্দ্র প্রতিষ্ঠানে পরীক্ষা অনুষ্ঠিত হবে।	ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোন ক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না।

**বিশেষ নির্দেশাবলী :**

১. পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
২. প্রদত্তপত্র উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৩. প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোন বিরতি থাকবে না।
৪. পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
৫. ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েব সাইটে অনলাইনে প্রেরণ করবে।
৬. প্রত্যেক পরীক্ষার্থী নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই মার্জিন কিংবা অন্য কোন প্রয়োজনে উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৭. পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক(তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
৮. প্রত্যেক পরীক্ষার্থী কেবলমাত্র রেজিঃ কার্ডে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৯. কোন পরীক্ষার্থীর পরীক্ষা [সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক] নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না, পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
১০. পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
১১. কেন্দ্র সচিব ব্যতিত অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে ও ব্যবহার করতে পারবে না।
১২. সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
১৩. ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে।
১৪. ব্যবহারিক পরীক্ষার নির্বাচিত অভ্যন্তরীণ পরীক্ষক ও বহিঃ পরীক্ষকের তালিকা কেন্দ্র সচিবগণ ব্যবহারিক পরীক্ষা আরম্ভের পূর্বেই বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।
১৫. পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃ নিরীক্ষণে ইচ্ছুক পরীক্ষার্থীগণ অনলাইনে নির্ধারিত ফি দিয়ে SMS এর মাধ্যমে আবেদন করতে পারবে।




(মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

ফোন : (০৮২১) ৮৪০০৮৫ (অফিস)



২০/০১/২০২০

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য-২০২০/৫০০০/৪(ক)/২৬৪

তারিখ:

০৬ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ

২০ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট।
৪. ডি আই জি অব পুলিশ, সিলেট রেঞ্জ, সিলেট।
৫. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৭. পুলিশ সুপার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৮. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
৯. অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উপজেলাসমূহের নির্বাহী কর্মকর্তাগণ।
১০. ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, প্রধান ডাকঘর, সিলেট।
১১. জেলা শিক্ষা অফিসার, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাবৃন্দ, সিলেট বিভাগের সকল উপজেলা।
১৩. সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিববৃন্দ।
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৫. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড (পরীক্ষার সময়সূচি সিলেট শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৬. সংরক্ষণ নথি।



(শরীফ আহমেদ)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড